অর্ধ যুগ পর আকবরের সিনেমায় পূর্ণিমা

স্টাফ রিপোর্টার ঃ প্রায় অর্ধ যুগ পর বিশিষ্ট পরিচালক মনতাজুর রহমান আকবরের সিনেমায় নায়িকা হলেন পূর্ণিমা। ডিপজলের প্রযোজনা সংস্থার ব্যানারে নির্মাণাধীন 'মায়ের চোখ' সিনেমায় পূর্ণিমা অভিনয় করছেন। এতে তার নায়ক আমিন খান। প্রায় ৬-৭ বছর আগে পূর্ণিমা আকবরের 'মাস্তানের উপর মাস্তান' সিনেমায় সর্বশেষ অভিনয় করেন। তার নায়ক ছিলেন মরহুম মান্না। সিনেমাটি তখন সুপার হিট হয়েছিল। এই দীর্ঘ সময়ে আকবরের আর কোন সিনেমায় পূর্ণিমাকে দেখা যায়নি। কেন? প্রশ্নের উত্তরে মনতাজুর রহমান আকবর বলেন, সময় ও সুযোগ হয়ে উঠছিল না। প্রযোজকরাও পূর্ণিমাকে নিয়ে ভাবেননি। ফলে ওকে নিয়ে কাজ করা হয়নি। এখন ডিপজল সাহেব ওকে নিয়েছেন বলেই আমার সিনেমায় কাজ করছেন। আর কোন কারণ নেই। তিনি বলেন, পূর্ণিমা গুণী অভিনেত্রী। ওর আচার-ব্যবহার ভাল। সময়মত সেটে আসে। শুটিংয়ে সমস্যা হয় না। কাজেই সুযোগ হলে ওকে নিয়ে আরও কাজ করার ইচ্ছা আছে। এদিকে সাভারে 'মায়ের চোখ' সিনেমার একটানা শুটিং চলছে। এর মূল ভূমিকায় আছেন ডিপজল। তার নায়িকা রেসি। সিনেমাটি নিয়ে আকবর খুবই আশাবাদী।

'এক জবানের জমিদার হেরে গেলেন এইবার' ছবিতে আমিন খান

দুই ছবির মাধ্যমে আবার ঘুরে দাঁড়াতে চান

স্টাফ রিপোর্টার ঃ উত্তম আকাশ পরিচালিত নাজিম উদ্দিন চেয়ারম্যান প্রযোজিত এক জবানের জমিদার হেরে গেলেন এইবার ছবিতে নায়ক চরিত্রে নেয়া হয়েছে আমিন খানকে। গত মাসে স্থানীয় এক হোটেলে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে ছবির মহরত করা হয়। তখন ছবির নায়কের নাম বাদ দিয়ে অন্য সব শিল্পীর নামই ঘোষণা করা হয়েছিল। ছবিতে নায়ক কে থাকবেন সেটা বলেননি সংশ্লিষ্টরা। বেশ কিছুদিন পর ছবির নায়ক কাস্ট করা হলো। এক জবানের জমিদারের নাম ভূমিকায় অভিনয় করবেন হুমায়ুন ফরীদি। নায়িকা থাকবেন নতুন গ্ল্যামারাস সিলভি। এক মজার কাহিনী নিয়ে ছবিটি নির্মিত হচ্ছে বলে পরিচালক জানান। কাহিনী লিখেছেন নাজিম উদ্দিন চেয়ারম্যান।

এই ছবিতে চুক্তিবদ্ধ হওয়ার পর টেলিফোনে নায়ক আমিন খান প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, নাজিম উদ্দিন চেয়ারম্যান প্রযোজিত আরো একটি ছবিতে আমি অভিনয় করেছি। তিনি বিশাল হৃদয়ের মানুষ। ছবির ভালোর জন্য যেখানে যা প্রয়োজন সেটা তিনি দেন। তার ছবিতে কাজ করে মজা পাই। তিনি মানুষকে সম্মান দিতে জানেন। আমার সৌভাগ্য যে এমন মানুষদের সঙ্গে আমি কাজ করতে পারছি। আমিন বললেন, গত মাসে আমি ডিপজল ভাই-এর মায়ের চোখ ছবিতে চুক্তিবদ্ধ হয়ে কক্সবাজারে ছবির বেশিরভাগ কাজ শেষ করে এসেছি। আমার বিশ্বাস এই দুই ছবির মাধ্যমে আমি আবার ঘুরে দাঁড়াব। আমিন খান বলেন, এই দুই ছবি আমার ক্যারিয়ারে নতুন মাত্রা যোগ করবে। এই দুজন প্রযোজকই চলচ্চিত্র বিকাশে বিশেষ ভূমিকা রাখছেন। আমার বিশ্বাস এই দুই ছবির পর অন্য প্রযোজকরাও আমাকে নিতে সাহ দেখাবেন।

ঈদে শাহীন সুমনের মনে বড় কষ্ট ঃ চমকপূর্ণ গল্প ও আনন্দের সিনেমা

ডিলান হাসান

শাহীন ও সুমন দুই ব্যক্তি। কিন্তু তারা দু'জন শাহীন সুমন নাম ধারণ করে দীর্ঘদিন ধরে সিনেমা পরিচালনা করে আসছেন। অনেকের কাছে এ ধারণা জন্মাতে পারে শাহীন সুমন একজন। যাই হোক, এই দু'জন যৌথভাবে অনেক সফল সিনেমা নির্মাণ করেছেন। সেসব সিনেমা দর্শক নন্দিতও হয়েছে। তাদের সিনেমার মূল বৈশিষ্ট্য হচ্ছে 'চমক'। বিগ অ্যারেঞ্জমেন্ট, দুর্দান্ত অ্যাকশন ও ভিন্ন গল্প উপস্থাপনায় চমকে দেন তারা। ফলে তাদের সিনেমার প্রতি দর্শকদের আলাদা আকর্ষণ থাকে। এই ধারাবাহিকতায় শাহীন সুমন-এর আরেকটি

চমকপূর্ণ সিনেমা ঈদে মুক্তি পেতে যাচ্ছে। সিনেমাটির নাম 'মনে বড় কষ্ট'। সিনেমাটির সার সংক্ষিপ্ত ট্রেইলার দেখে মনে হয়েছে এ দু'জন ভাল সিনেমা নির্মাণের ক্ষেত্রে তাদের মনের যত কষ্ট ঝেড়ে দিয়েছেন। তাদের বৈশিষ্ট্য অনুযায়ী চমৎকার একটি গল্পের মাধ্যমে ঝুঁকিপূর্ণ শট, অ্যাকশন আর নির্মাণ কুশতা প্রদর্শন করেছেন। সবচেয়ে বড় ব্যাপার হলো এ সময়ে চলচ্চিত্রের 'বরপুত্র' শাকিব খানকে একেবারেই ভিন্ন গেটআপে উপস্থাপন করা। শাকিব যে প্রতিনিয়ত নিজেকে বদলাচ্ছেন এ সিনেমার মাধ্যমে তার প্রমাণ পাওয়া যাবে। সিনেমাটির প্রযোজক ওয়াজেদ আলী সুমন বলেন, 'মনে বড় কষ্ট' একটি পরিপূর্ণ সিনেমা। গল্পের সঙ্গে নামের সামঞ্জস্য, দর্শকদের মনোরঞ্জনের জন্য সুরেলা গান, অ্যাকশন, লোকেশন ব্যবহার করা হয়েছে। এ সিনেমার সবচেয়ে বড় ভিত্তি হচ্ছে গল্প। একেবারে ভিন্ন ও ব্যতিক্রমী প্রেক্ষাপটে আবর্তিত হয়েছে। দর্শকদের মনে নাড়া দেবে। সেই সঙ্গে দর্শক বিনোদনের জন্য বিভিন্ন ধরনের উপকরণ রয়েছে। আমি আশাবাদী সিনেমাটি তাদের ভাল লাগবে। ওয়াজেদ আলী সুমনের কথার সঙ্গে বাস্তবতারও মিল রয়েছে। যারা সিনেমা হলের হয়ে বুকিং করেন, তাদের মধ্যে সিনেমাটি নিয়ে যথেষ্ট আগ্রহ দেখা দিয়েছে। তারা দেরি করতে চাচ্ছেন না। আগেভাগেই সিনেমাটির বুকিং শুরু করে দিয়েছেন। প্রযোজনা সংস্থায় প্রতিদিন তাদের ভিড় পরিলক্ষিত হচ্ছে। বিষয়টি এমন প্রিন্ট শেষ হয়ে যাওয়ার আগেই বুকিং দিতে হবে। বেশ হাই রেন্টালে বুকিং হচ্ছে। পরিচালক শাহীন ও সুমনের কাছে সিনেমাটি সম্পর্কে জানতে চাওয়া হয়। তারা এক বাক্যে কনফিডেন্টলি বললেন, 'মনে বড় কষ্ট' একটি অসাধারণ সিনেমা। দর্শক দেখবেনই। তারপর বললেন, এটি একটি কমপ্লিট সিনেমা। এ সিনেমার মাধ্যমে শাকিব ভক্তরা এক নতুন শাকিবকে দেখবেন। এতে একঘেয়ে কোন বিষয় নেই। আছে গতি ও চমক। আমরা খুবই আশাবাদী। 'মনে বড় কষ্ট' ঈদে দর্শকদের জন্য বাড়তি আনন্দ বয়ে আনবে, এটা বলা যায়। যাই হোক সিনেমাটিতে শাকিব ছাড়াও রয়েছেন অপু বিশ্বাস, নীরব, কেয়া, মিশা সওদাগর, কাবিলা, শানু শিবা, নাসরিন প্রমুখ। পরিবেশনায় এসএমএস প্রোডাকশন।

টেনশনে নিপুণ

স্টাফ রিপোর্টার : গ্লামারস নায়িকা নিপুন এখন প্রচণ্ড টেনশনে দিন কাটাচ্ছেন। নিপুনের মা এবার হজে যাচ্ছেন। হজে যাবার আগে আত্মীয়-স্বজনের কাছে ফোন করে সহযোগিতা চান নিপুনের মা। ঢাকায় নিপুন থাকেন ছোটভাই এবং মেয়েকে নিয়ে। মা চলে যাওয়ার পর নিপুন প্রচণ্ড একা হয়ে গেছেন। নিপুন বলেছেন, বেশিরভাগ সময় টেনশনে থাকি। মা হজে গেছেন অসুস্থ শরীর নিয়ে। আমাকে একা রেখে যাওয়ায় তিনিও টেনশনে আছেন, তারপর ফোন করে খোঁজ-খবর নিচ্ছেন। নিপুন বললেন শুটিং, ডাবিং কমিয়ে দিয়েছি। বাসায় ওরা একা একা থাকে। আমি বাইরে থাকলে ওরা কান্নাকাটি করে। নিপুন তার শুভাকাঙ্ক্ষীদের কাছে দোয়া চেয়েছেন।

টাকার চেয়ে প্রেম বড় সিনেমার অডিও সিডি প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ শাহাদাৎ হোসেন লিটন পরিচালিত মুক্তি প্রতীক্ষিত সিনেমা 'টাকার চেয়ে প্রেম বড়' সিনেমার গানের অডিও সিডি প্রকাশনা অনুষ্ঠান হয়ে গেল। সম্প্রতি ঢাকাস্থ স্থানীয় এক চাইনিজ রেস্টুরেন্টে এই অডিও সিডির প্রকাশনা অনুষ্ঠান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতির ঊর্ধ্বতন সহ-সভাপতি মোহাম্মদ হোসেন, সহ-সভাপতি খোরশেদ আলম খসরু, সাধারণ সম্পাদক শরিফ উদ্দিন খান দীপু, কার্য নির্বাহী সদস্য নায়ক-প্রযোজক উজ্জ্বল, মাহবুবুর রহমান আলমগীরসহ অন্যান্য কলাকুশলী। গানের সিডি প্রকাশ করেছে অনুপম। অনুষ্ঠানে উপস্থিত অথিতিরা তাদের বক্তব্যে সিনেমাটির সাফল্য কামনা করেন। তারা মতপ্রকাশ করেন সুস্থ সামাজিক সিনেমা হিসেবে 'টাকার চেয়ে প্রেম বড়' দর্শক গ্রহণযোগ্যতা পাবে। অনুষ্ঠানে সিনেমাটির গান প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করা হয়। উপস্থিত সকলে গানগুলোর প্রশংসা করেন। সিনেমাটির প্রযোজক সত্য রঞ্জন শিবু বলেন, দর্শকদের রুচিবোধ ও চাহিদা অনুযায়ী 'টাকার চেয়ে প্রেম বড়' নির্মিত হয়েছে। একটি ভাল সিনেমা তাদের সামনে হাজির করার জন্য আমরা চেষ্টার ত্রুটি করিনি। আশা করছি দর্শক সিনেমাটি উপভোগ করবেন। সিনেমাটি নির্মিত হয়েছে নান্দনিক চলচ্চিত্রের ব্যানারে। আগামী বছরের শুরুতে এর মুক্তির সম্ভাবনা রয়েছে।

বিটলসের গান সম্পূর্ণ করতে ৪০ বছর

বিটলসের হয়ে জর্জ হ্যারিসনের গাওয়া একটি গান ৪০ বছর পর পূর্ণতা পেল। জর্জ হ্যারিসন ২০০১ সালে পরলোকগমন করেন। তিনি ১৯৬০-এর দশকে সাইলেন্স (ইজ ইটস ওউন রিপ্লাই) গানটির প্রথম ১০ লাইন একটি কাগজে লিখেছিলেন। কাগজটি শেষে মেঝেতে ফেলে দেয়া হয়। ফেলে দেয়া গানটি কুড়িয়ে পান লেখক হান্টার ডেভিস। ডেভিস ১৯৬৮ সালে ব্যান্ডটিকে নিয়ে একটি বই রচনা করেছিলেন। তিনি অ্যাবি রোড স্টুডিও থেকে পাওয়া কাগজটি সযত্নে রেখে দেন। গানটি এতদিন অবহেলায় পড়ে ছিল। বিবিসি রেডিও মার্সিসাইডের উপস্থাপক স্পেন্সার লি গীতিকার ডিন জনসনকে গানটি সম্পূর্ণ করার জন্য অনুরোধ করেন। প্রাথমিকভাবে ধারণা করা হত এটি প্রেমের গান। বাস্তবে এখন বোঝা যাচ্ছে জন লেননের সঙ্গে অস্বস্তিকর সম্পর্ক নিয়ে জর্জ গানটি লিখেছিলেন। গানের এক জায়গায় আছে 'আমি খুশি মনে বলছি এটা শুধু একটি স্বপ্ন, আমি যখন তোমার মত মানুষের সঙ্গে মেলামেশা করি তা শুধু স্বপ্ন আর তুমি তাকে অশ্লীল করেছ।' গীতিকার জনসন বলেন, 'কথাগুলো নিষ্ঠুরভাবে অকপট আর জর্জ নিশ্চিত করে হৃদয় দিয়ে লিখেছিলেন। আমি তার অবস্থানে একজন মানুষের হৃদয়ে ঢুকে আমি আমার ক্ষমতার পুরো ব্যবহার করার চেষ্টা করেছি।' গ্রন্থনা : মোহাম্মদ শাহ আলম

এমআইবি'র প্রথম নির্বাচন আজ

প্রেসিডেন্ট প্রার্থী জি-সিরিজ কর্ণধার নাজমুল হক খালেদ

স্টাফ রিপোর্টার ঃ এফবিসিসিআই ভবনে আজ (শনিবার) অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশ মিউজিক ইন্ডাস্ট্রি ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশের প্রথম নির্বাচন। এই নির্বাচনে প্রেসিডেন্ট পদে দাঁড়াচ্ছেন জি-সিরিজ অগ্নিবীণার স্বত্বাধিকারী এবং এমআইবি'র প্রতিষ্ঠাতা সভাপতি নাজমুল হক ভূঁইয়া খালেদ। অডিও ইন্ডাস্ট্রির ইতিহাসে বাণিজ্য মন্ত্রণালয় থেকে অনুমোদন পাওয়া অডিও ব্যবসায়ীদের একমাত্র সংগঠন এটি। এর আগে পুরনো ঢাকার অডিও ব্যবসায়ীদের অডিও সমিতি নামের যে সংগঠনটি ছিল তা মূলত নামে মাত্র। এই সংগঠন অডিও ইন্ডাস্ট্রি উন্নয়নের পক্ষে কোন কাজই করতে সফল হয়নি। ফলে দিনে দিনে অডিও ইন্ডাস্ট্রি চলে গেছে নিয়ন্ত্রণের বাইরে। দেশব্যাপী অডিও-ভিডিওর অবাধ পাইরেসি মিউজিক ইন্ডাস্ট্রি ধ্বংস করে দিয়েছে। বন্ধ হয়ে গেছে প্রোডাকশন, একই সঙ্গে একাধিক প্রোডাকশন কোম্পানি। নানা বিচার আচার করেও কোন সুরাহা হয়নি। শেষ পর্যন্ত হাল ছাড়ার মত অবস্থা হলে জি-সিরিজের স্বত্বাধিকারী নাজমুল হক খালেদ সকল অডিও ব্যবসায়ীদের নিয়ে প্রতিষ্ঠা করেন এই 'এমআইবি'। এমআইবির সাংগঠনিক কার্যক্রমকে শক্তিশালী করতে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করে তিনি সরকারী অনুমোদন নেন অনেক চেষ্টার পর। পরে তিনি এমআইবি'র সদস্য পদের জন্য আবেদন করেন ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই-এ। ব্যবসায়ী সংগঠন হিসেবে এফবিসিসিআই অনুমোদন দেয় এমআইবিকে। অডিও ইন্ডাস্ট্রির ইতিহাসে বিগত ৩০ বছরেও যা সম্ভব হয়নি মাত্র কয়েক মাসে তা করে দেখিয়েছেন নাজমুল হক খালেদ। অনুমোদন পাওয়ার পর তার নেতৃত্বে পাইরেসি প্রতিরোধে গত কয়েক মাস টানা অভিযান চালানো হয় দেশের বিভিন্ন স্থানে। অনেক মামলা করা হয় সংশ্লিষ্ট থানাগুলোতে। ঢাকা এবং ঢাকার বাইরের অডিও ব্যবসায়ীদের সংগঠিত করে পাইরেসি প্রতিরোধে জেলা কমিটিও গঠনের কার্যক্রম পরিচালনা করেন তিনি। অডিও ব্যবসায়ীদের পুনরায় একত্রিত করতে এই সাফল্যজনক ভূমিকা তাকে অডিও ইন্ডাস্ট্রিতে ব্যাপক আলোচিত করে তুলেছে। নির্বাচনে বিজয়ী হয়ে তিনি অডিও ইন্ডাস্ট্রির হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার প্রতিশ্রুতিসহ পাইরেসি বন্ধে ইতোমধ্যেই তার নেয়া উদ্যোগগুলো আরো ব্যাপক আকারে পরিচালিত করার অঙ্গীকার করেন।

হাজার ভক্তের কবলে ক্যাটরিনা কাইফ

সম্প্রতি অভিনেত্রী ক্যাটরিনা কাইফ এক ভয়ানক পরিস্থিতির মাঝে পড়েছিলেন। আজাব প্রেম কি গাজাব কাহানির প্রচার উপলক্ষে আহমেদাবাদ গেলে তিনি এমন অবস্থায় পড়েন। সেদিনের প্রচার অভিযান চলছিল একটি শপিং মলে। হাজার কয়েক আগ্রহী মানুষ উপস্থিত ছিলেন সেখানে। জনতা এক সময় অতি আগ্রহী হয়ে

উঠে। তারা চিৎকার করে ক্যাটরিনাকে ডাকাডাকি শুরু করে। শিশ বাজানো আর ধাক্কাধাক্কি চলছিল সমান তালে।

ক্যাটরিনা উত্তেজিত জনতার হাত থেকে বাঁচার জন্য স্টেজেই অবস্থান করছিলেন। এক সময় যখন মঞ্চটি কাঁপতে শুরু করে তিনি ভড়কে যান। মনে হচ্ছিল মঞ্চটি ভেঙ্গে পড়বে যে কোন সময়।

ক্যাটরিনা বলেন, ‘এটি ছিল আমার জীবনের সবচেয়ে ভীতিকর অভিজ্ঞতা। মঞ্চটি ধসে পড়ছে আর আমি ভক্তদের মাঝে হারিয়ে গিয়েছি।’

সৌভাগ্যবশত নিরাপত্তা ব্যবস্থা ছিল খুব শক্তিশালী। এক বিশাল দেহী সিকিউরিটি গার্ড নায়িকাকে বিব্রতকর অবস্থা থেকে রক্ষা করে। এই প্রহরীটি ক্যাটরিনাকে সেখান থেকে বের করে নিরাপদ স্থানে নিয়ে আসে। সে এমনকি তাকে হোটেলে পৌঁছা পর্যন্ত সঙ্গ দেয়।

কিন্তু ভক্তরা হাল ছাড়েনি। তাদের কেউ কেউ মোটরবাইকে চড়ে তাকে অনুসরণ করতে থাকে। এদের কয়েকজন আবার হোটেলে ঢোকার চেষ্টা চালায়। সেই গার্ডটি তাদের পথ রুখে দেয়।

আজ এনটিভিতে নাটক মেঘ

স্টাফ রিপোর্টার ঃ আজ রাত ৯টায় এনটিভিতে প্রচারিত হবে একক নাটক ‘মেঘ’। বদরুল আনাম সৌদের রচনা ও নঈম ইমতিয়াজ নেয়ামূলের পরিচালনায় নাটকটিতে অভিনয় করেছেন জয়া আহসান ও ইন্তেখাব দিনার। কাহিনী সংক্ষেপ : বিয়ের আগে ওরা বাজি ধরে আজ বৃষ্টি হবে। বৃষ্টি হলে তারা বিয়ে করবে। বৃষ্টি আসে। বাজির শর্ত অনুযায়ী ওরা বিয়ে করে। সংসার সাজায়। অনেকদিন পরে এক সন্ধ্যায় মুষলধারে বৃষ্টি হয়। বৃষ্টির ধারাপাতে মেয়েটি আনমনা হয়ে যায়। সে সময় ঘটে যায় দুর্ঘটনা। পা পিছলে পড়ে মেয়েটির গর্ভের বাচ্চা নষ্ট হয়। সাজানো সংসারে নেমে আসে অন্ধকার মেঘাচ্ছন্ন রাত।